# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং: জাককানইবি/রেজি:/বিজনি/১১৫১/২০১৮/২৪২৮ তারিখঃ ০৮/১১/২০২১ইং

এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত স্থায়ী/অস্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স (বছর) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | অধ্যাপক<br>বেতন স্কেল-৩য় গ্রেড (৫৬৫০০-৭৪৪০০/-)<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১টি | ০১টি | | শিক্ষাগত যোগ্যতা ঃ<br>ক) প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ পিএইচডি/সমমানের ডিগ্রি থাকতে হবে<br>অথবা<br>খ) প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ এম ফিল/সমমানের ডিগ্রি থাকতে হবে<br>গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>অভিজ্ঞতা ঃ<br>ক)(১)পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ০৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে শিক্ষকতা বা গবেষণামূলক কাজে ১৪ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক/সমমানের পদে গবেষণামূলক কাজে ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(২) স্বীকৃত গবেষণামূলক জার্নালে ০৯টি প্রকাশনা; যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে/সমমানের পদে ৪টি প্রকাশনা থাকতে হবে।<br>খ) (১) এম ফিল/সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ০৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে শিক্ষকতা বা গবেষণামূলক কাজে ১৫ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক/সমমানের পদে গবেষণামূলক কাজে ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(২) স্বীকৃত গবেষণামূলক জার্নালে ১০টি প্রকাশনা; যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে/সমমানের পদে ০৫ টি প্রকাশনা থাকতে হবে।<br>গ) বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত আংশিক শিথিল করা যেতে পারে। |
| ০২। | প্রভাষক<br>বেতন স্কেল-৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-)<br>বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ-০১টি<br>সমাজবিজ্ঞান বিভাগ-০১টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী)<br>থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগ-০৩টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী-০১টি, শিক্ষা ছুটির বিপরীতে অস্থায়ী-০২টি)<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-০২টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী)<br>ফোকলোর বিভাগ-০১টি<br>(শিক্ষা ছুটির বিপরীতে অস্থায়ী)<br>লোক প্রশাসন ও সরকার পরিচালনা বিদ্যা বিভাগ-০২টি<br>(শিক্ষা ছুটির বিপরীতে অস্থায়ী)<br>ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ-০৩টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী-০১টি, শিক্ষা ছুটির বিপরীতে অস্থায়ী-০২টি)<br>আইন ও বিচার বিভাগ-০১টি<br>(সহযোগী অধ্যাপকের বিপরীতে অস্থায়ী) | ১৪টি | | ক) প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।<br>খ) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে; স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তরে প্রথম শ্রেণী/জিপিএ ৩.৫০ গ্রেড (৪.০০ ও ৫.০০ উভয় স্কেলে) অবশ্যই থাকতে হবে।<br>গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।<br><br>থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগ ঃ<br>ক) থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.৫০/১ম বিভাগ (সনাতন) থাকতে হবে; সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তরে প্রথম শ্রেণী/সিজিপিএ ৩.৫০ গ্রেড (সিজিপিএ ৪.০০ ও ৫.০০ উভয় স্কেলে) অবশ্যই থাকতে হবে।<br>খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>গ) এম.ফিল ও পি.এইচ.ডি ডিগ্রীকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণনা করা হবে। |
| ০৩। | আবাসিক মেডিক্যাল অফিসার (চুক্তিভিত্তিক)<br>সর্বসাকুল্যে বেতন ৩২,৩০০/- (০৯ গ্রেডের প্রারম্ভিক ধাপে বিধি মোতাবেক বৈশাখী ভাতাসহ দুটি উৎসব বোনাস প্রাপ্য হবেন) | ০১টি | অনূর্ধ্ব ৪৫ বছর | ক) প্রার্থীকে শিক্ষা জীবনের সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রেডসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের আওতাধীন মেডিক্যাল কলেজ হতে এমবিবিএস পাস হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে দেশে এবং বিদেশে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত উচ্চতর ডিগ্রিধারী চিকিৎসকদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। বিএমডিসি কর্তৃক রেজিস্টার্ড হতে হবে।<br>খ) কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত কিংবা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>চুক্তির শর্তাবলী<br>ক) আবাসিক মেডিক্যাল অফিসার হিসেবে রাত্রিকালীন মেডিক্যাল সেন্টারে কর্মরত থাকতে হবে।<br>খ) সরকারি মেডিক্যাল কলেজের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>গ) প্রাথমিকভাবে ১ (এক) বছরের চুক্তিতে নিয়োগপ্রাপ্ত হবেন; পরবর্তীতে কাজের মূল্যায়ন সাপেক্ষে কর্তৃপক্ষ চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে পারে।<br>ঘ) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে চাকুরিতে স্থায়ীকরণের বাধ্যবাধকতা নেই। |
| ০৪। | প্রশাসনিক কর্মকর্তা<br>বেতন স্কেল-১০ম গ্রেড (১৬০০০-৩৮৬৪০/-)<br>জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-০১টি<br>বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-০১টি | ০২টি | অনূর্ধ্ব ৩০ বছর | ক) প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে।<br>খ) প্রার্থীকে কম্পিউটারে পারদর্শী হতে হবে।<br>গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ০৫। | হল সুপারভাইজার<br>বেতন স্কেল-১০ম গ্রেড (১৬০০০-৩৮৬৪০/-)<br>জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-০১টি<br>বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-০১টি | ০২টি | অনূর্ধ্ব ৩০ বছর | সামাজিক বিজ্ঞান/ব্যবসায় প্রশাসন/বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>অভিজ্ঞতাঃ<br>ক) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে/শিক্ষা প্রশাসনে প্রশাসনিক কাজে কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | খ) হিসাব-নিকাশ সম্পর্কে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>ঘ) শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ০৬। | অফিস সহকারী কাম ডাটা প্রসেসর<br>বেতন স্কেল-১৩তম গ্রেড(১১০০০-২৬৫৯০)<br>জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-০১টি<br>বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-০১টি | ০২টি | অনূর্ধ্ব ৩০ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার প্রশিক্ষণে কমপক্ষে ০৬ (ছয়) মাসের ডিপ্লোমা থাকতে হবে।<br>খ) MS-Word, MS-Excel এর কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ/সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ০৭। | অফিস সহায়ক<br>বেতন স্কেল-২০তম গ্রেড (৮২৫০-২০০১০/-)<br>রেজিস্ট্রার অফিস-০১টি<br>জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-০১টি<br>বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-০১টি<br>হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ-০১টি<br>পপুলেশন সায়েন্স বিভাগ-০১টি | ০৫টি | ১৮-অনূর্ধ্ব ৩০ বছর | ক) প্রার্থীকে এসএসসি/সমমান পাস হতে হবে।<br>খ) প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৮। | টেবিল বয়<br>বেতন স্কেল-২০তম গ্রেড (৮২৫০-২০০১০/-),<br>জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-০১টি<br>বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-০১টি | ০২টি | ১৮-অনূর্ধ্ব ৩০ বছর | ক) প্রার্থীকে ৮ম শ্রেণী পাস হতে হবে।<br>খ) প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ০৯। | গার্ড<br>বেতন স্কেল-২০তম গ্রেড (৮২৫০-২০০১০/-)<br>রেজিস্ট্রার অফিস-০১টি | ০১টি | ১৮-অনূর্ধ্ব ৩০ বছর | ক) প্রার্থীকে ৮ম শ্রেণী/সমমান পাস হতে হবে।<br>খ) আনসার প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১০। | বাবুর্চি সহকারী<br>বেতন স্কেল-২০তম গ্রেড (৮২৫০-২০০১০/-)<br>জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-০১টি<br>বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-০১টি | ০২টি | ১৮-অনূর্ধ্ব ৩০ বছর | ক) প্রার্থীকে ৮ম শ্রেণী পাস হতে হবে।<br>খ) প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে, বিভিন্ন ধরনের রান্নায় পারদর্শি, সুস্বাস্থ্যের অধিকারী ও পরিস্কার পরিচ্ছন্ন হতে হবে। |

শর্তাবলী ঃ

০১। আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪ বরাবরে আগামী ০৯/১২/২০২১ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd ভিজিট করুন।

০২। প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে ঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (শিক্ষকদের জন্য) এর সত্যায়িত অনুলিপি।

(খ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের অনুলিপি।

(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।

(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।

(ঙ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৩। চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে লিখিত (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য আহবান করা হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে কোটা ও বয়সসীমার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রিঃ মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা নির্ধারণ হবে)।

০৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১ পদের জন্য ৮০০/-টাকা ক্রমিক নং ০২ হতে ০৫ পদের জন্য ৬০০/-টাকা, ক্রমিক নং ০৬ হতে ১০ পদের জন্য ৫০০/-টাকার (অফেরযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৮। উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যহৃত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

০৯। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১০। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

১৪। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

১৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য।

১৬। বিশেষ যোগ্যতা বলতে সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/পিএইচডি অথবা স্বীকৃত প্রকাশনালয় থেকে প্রকাশিত গ্রন্থ, কিংবা সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত জার্নালে প্রকাশিত একক নামে এক বা একাধিক আর্টিকেল, কিংবা স্বীকৃত সংস্থা কর্তৃক জাতীয় পুরস্কার প্রাপ্তিকে বোঝাবে এ ছাড়াও বিশেষ যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে নিয়োগ কমিটির সম্পূর্ণ অধিকার থাকবে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে।

১৭। কর্মচারি নিয়োগের ক্ষেত্রে পর্যায়োন্নয়ন নীতিমালা অনুযায়ী ৫০% কোটা সংরক্ষিত থাকবে।

১৮। ২০তম গ্রেডের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

০৮/১১/২০২১

(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪।
ফোনঃ ০৯০৩২-৫৬২৭২